গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মেহেন্দিগঞ্জ ,বরিশাল ।

স্মারক নং- ০৫.১০.০৬৬২.০০৮.০১.০০৬.২০২২.৯৮১ তারিখ ঃ ০২-১১-২০২২ খ্রি.।

**উপজেলা পরিষদের নভেম্বর-২০২২ খ্রি. মাসের মাসিক সভার নোটিশ।**

আগামী ১০-১১-২০২২খ্রি. তারিখ রোজঃ বৃহস্পতিবার সকাল ১১ঃ৩০ ঘটিকায় উপজেলা পরিষদের নভেম্বর-২০২২ খ্রি. মাসের মাসিক সভা জনাব এ,কে,এম মাহফুজ-উল-আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। প্রত্যেক অফিস প্রধানকে তাদের বিভাগীয় কার্যক্রমের ০১(এক) প্রস্থ প্রতিবেদন সভার পূর্বে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ।
০২। বিভিন্ন দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা।
০৩। বিবিধ।

(মোঃ নূরুননবী) ০২/১১/২২
উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ, বরিশাল
ফোন ঃ ০৪৩২৫-৫৬০০৩(অফিস)।
E-mail:unomehendiganj@gmail.com

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০২। মেয়র, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৪। মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৫। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেন্দিগঞ্জ উপজেলা কমান্ড, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৬। অফিসার ইন-চার্জ, মেহেন্দিগঞ্জ/কাজিরহাট থানা,মেহেন্দিগঞ্জ,বরিশাল।
০৭। উপজেলা .............................................................অফিসার (সকল) , মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৮। চেয়ারম্যান,আন্ধারমানিক/লতা/চরএককরিয়া/উলানিয়া উত্তর/উলানিয়া দক্ষিণ/মেহেন্দিগঞ্জ/বিদ্যানন্দপুর/ভাষানচর/চরগোপালপুর/জাঙ্গালিয়া/আলিমাবাদ/ চানপুর/দড়িচর খাজুরিয়া/গোবিন্দপুর/শ্রীপুর ও জয়নগর ইউনিয়ন পরিষদ (সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৯। সহকারী প্রোগ্রামার,উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,উপজেলা কার্যালয়,মেহেন্দিগঞ্জ,বরিশালকে (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০। জনাব .............................................................
.............................................................।

স্মারক নং- ০৫.১০.০৬৬২.০০৮.০১.০০৬.২০২২.৯৮১ তারিখ ঃ ০২-১১-২০২২ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১২২, বরিশাল-৪(হিজলা-মেহেন্দিগঞ্জ) নির্বাচনী এলাকা।
০২। জেলা প্রশাসক, বরিশাল।
০৩। অফিস কপি।

০২/১১/২২
উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ,বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মেহেন্দিগঞ্জ, বরিশাল
www.mehendiganj.barishal.gov.bd

মেহেন্দিগঞ্জ উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির নভেম্বর-২০২২খ্রি: মাসের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ, কে, এম মাহফুজ-উল-আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল |
| স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, মেহেন্দিগঞ্জ, বরিশাল |
| তারিখ | : | ১০ নভেম্বর ২০২২খ্রি. |
| সময় | : | সকাল ১১:৩০ ঘটিকা |

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং উহাতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। সভায় বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|
| (১) উপজেলা প্রকৌশল অফিস | ১.১ উপজেলা প্রকৌশলী সভায় পুন:রায় জানান যে, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হল রুম নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য বিগত ৩১/১১/২০২১তারিখ কার্যাদেশ প্রদান করা হয়েছে। ভবন নির্মাণ স্থলে গাছ থাকায় লে-আউট দেয়া যাচ্ছে না। উক্ত বৃক্ষসমূহ নিলামের মাধ্যমে কর্তনের অনুমতি চেয়ে ইর্তোমধ্যেই জেলা প্রশাসক,বরিশাল মহোদয়ের দপ্তরে প্রাক্কলণ সহ প্রেরণ করা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত কোন অনুমতি পাওয়া যায়নি। নির্মাণ কাজটি শুরু করার জন্য বৃক্ষ অপসারণ করা অতীব জরুরী। | ১.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার কর্তৃক বৃক্ষ কর্তন করে পার্শ্বে সংরক্ষণ করবেন। পরবর্তীতে জেলা প্রশাসক,বরিশাল মহোদয়ের অনুমতি প্রাপ্তির পর নিলামে বৃক্ষ সমূহ বিক্রয় করা হবে মর্মে পুন:রায় সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ১.২ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে নতুন সড়ক টাইপ-বি (দৈর্ঘ ২.০০ কি:মি: ও এর নিম্নে : ৯১টি এবং দৈর্ঘ ২.০০কি:মি: ও এর ঊর্দ্ধে: ৯২টি) মোট ১৮৩টি নতুন রাস্তার নাম (আইডি নম্বরসহ) রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্তির লক্ষ্যে তালিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত তালিকা পরিশিষ্ট-''ক'' সংযোজন করা হয়েছে। | ১.২.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত ১৮৩টি নতুন রাস্তার প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। প্রস্তুতকৃত তালিকা যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। |
| (২) উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিস | ২.১ উপজেলা স্বাস্থ্য ও প:প: দপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে ডেঙ্গু মহামারি রোগের হার বৃদ্ধি পাচ্ছে। তাই ডেঙ্গু রোগের ব্যাপারে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ জানান। তিনি সভায় আরও জানান যে, মেহেন্দিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ Blood Bank প্রয়োজন। উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা মহোদয় এর জন্য উদ্যোগ গ্রহণ করেছেন। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে এ ব্যাপারে সার্বিক সহায়তা করার জন্য সভায় অনুরোধ জানান। | ২.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মেহেন্দিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ Blood Bank এর জন্য উদ্যোগ গ্রহণ করায় উপজেলা স্বাস্থ্য ও প:প: দপ্তরকে সভার ধন্যবাদ জ্ঞাপন করা হয়। |

(চলমান পাতা-০২)

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|
| (৩) উপজেলা সমাজসেবা অফিস | ৩.১ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৩.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (৪) উপজেলা কৃষি অফিস | ৪.১ উপজেলা কৃষি অফিসের প্রতিনিধি সভায় জানান যে এ বছর রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচী গ্রহন করা হয়েছে। কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলায় রবি/২০২২-২৩ মৌসুমে বিভিন্ন ফসলের বীজ ও সার বিনামূল্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিতরন করা হবে বলে সভায় জানান। অত্র উপজেলায় ৪,০২০ জন উক্ত কর্মসূচীর আওতায় সহায়তা পাবে বলে সভায় জানান। | ৪.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলায় রবি/২০২২-২৩ মৌসুমে নির্দিষ্ট বরাদ্দ ইউনিয়ন ওয়ারী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিভাজন করার জন্য উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটিকে সভায় অনুরোধ করা হয়। |
| (৫) উপজেলা প্রাণিসম্পদ অফিস | ৫.১ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৫.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (৬) উপজেলা মৎস্য অফিস | ৬.১ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ০১নভেম্বর হতে ৩০জুন মোট ০৮মাস জাটকা আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয়, মজুদ নিষিদ্ধ। এ বিষয়ে গণসচেতনতার জন্য প্রায় ২০০টি লিফলেট বিতরণ করা হয়েছে, ১০টি ব্যানার টানানো হয়েছে এবং ০৪টি সচেতনতা সভা করা হয়েছে। এছাড়া নিয়মিত মাছ বাজার এবং মাছ ঘাট, আড়ত পরিদর্শন করা হয় বলে সভায় জানান। তিনি সভায় জেলেদের তালিকা হালনাগাদ করার লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনের কাছে আবারো সহযোগীতা কামনা করেন। জেলেদের বিকল্প কর্মসংস্থানের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন থেকে জরুরী ভিত্তিতে জেলে তালিকা প্রেরণের অনুরোধ করা হয়। এছাড়া সকল ইউনিয়নে জাটকা রক্ষা বিষয়ক টাস্কফোর্স কমিটির সভা করার জন্য চেয়ারম্যানদের কাছে অনুরোধ করেন। | ৬.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ০১নভেম্বর হতে ৩০জুন মোট ০৮মাস জাটকা আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয়, মজুদ নিষিদ্ধের বিষয়ে গণসচেতনতা সভা, ব্যানার টানানো, ও লিফলেট বিতরণ, নিয়মিত মাছ বাজার এবং মাছ ঘাট, আড়ত পরিদর্শন করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এছাড়া জেলেদের তালিকা হালনাগাদ করার লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনকে সহযোগীতা করার জন্য সভায় অনুরোধ করা হয়। |
| (৭) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | ৭.১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৭.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রকল্প ও বাস্তবায়ন কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (৮) উপজেলা যুব উন্নয়ন অফিস | ৮.১ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ০১নভেম্বর জাতীয় যুবদিবস-২০২২ সকলের সহযোগীতায় সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে বলে সভায় জানান। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৮.১.১ জাতীয় যুবদিবস-২০২২ সকলের সহযোগীতায় সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। |
| (৯) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ৯.১ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৯.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১০) উপজেলা শিক্ষা অফিস | ১০.১ উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১০.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১১) উপজেলা সমবায় অফিস | ১১.১ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১১.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১২) উপজেলা মহিলা বিষয়ক অফিস | ১২.১ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১২.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১৩) উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | ১৩.১ উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৩.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১৪) উপজেলা তথ্যসেবা অফিস | ১৪.১ উপজেলা তথ্যআপা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৪.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা তথ্যআপা কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|
| (১৫) উপজেলা পল্লী উন্নয়ন অফিস | ১৫.১ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৫.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১৬) উপজেলা পরিসংখ্যান অফিস | ১৬.১ উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৬.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১৭) উপজেলা ফায়ার সার্ভিস অফিস | ১৭.১ উপজেলা ফায়ার সার্ভিস অফিসের প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৭.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা ফায়ার সার্ভিস অফিস, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (১৮) উপজেলা আনসার ও ভিডিপি অফিস | ১৮.১ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৮.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (১৯) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিস | ১৯.১ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের অফিস ভবনটি বর্তমানে খুবই জরাজীর্ণ অবস্থায় থাকার কারণে ব্যবহারের অনুপযোগি হয়ে পড়েছে। অফিস ভবনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে খুবই সমস্যা হয়। ভবনটির দরজা, জানালা, দেয়ালের কাজের মেরামত করা জরুরী ভিত্তিতে প্রয়োজন। তাই এ ব্যাপারে যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান। | ১৯.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী (এলজিইডি) মহোদয়কে উপজেলা পল্লী দারিদ্র বিমোচন দপ্তরটি পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বলা হয়। |
| (২০) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | ২০.১ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, মেহেন্দিগঞ্জ উপজেলার খাদ্য গুদামের মজুদ পরিস্থিতি নিম্নরূপ :-<br>(ক) ধান: নাই<br>(খ) চাল: ৪২৮.৭৮২ মেঃ টনঃ<br>(গ) গম - নাই<br>খাদ্য বান্ধব কর্মসূচীঃ মেহেন্দিগঞ্জ উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় সেপ্টেম্বর/২০২২মাস থেকে নভেম্বর/২০২২ মাসে ২য় পর্যায়ে পুনরায় খাদ্য বান্ধব কর্মসূচির কার্ড প্রতি ৩০কেজি করে ১৫টাকা মূল্যের চাল বিক্রয় কার্যক্রম চলিতেছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলিতেছে। | ২০.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মেহেন্দিগঞ্জ উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় সেপ্টেম্বর/২০২২মাস থেকে নভেম্বর/২০২২ মাসে ২য় পর্যায়ে পুনরায় খাদ্য বান্ধব কর্মসূচির কার্ড প্রতি ৩০কেজি করে ১৫টাকা মূল্যের চাল বিক্রয় কার্যক্রম চলমান থাকায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা-কে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। |
| (২১) উপজেলা বন বিভাগ | ২১.১ ফরেস্টার, সামাজিক বন বিভাগ সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ২১.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ফরেস্টার, সামাজিক বন বিভাগ, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (২২) পল্লী সঞ্চয় ব্যাংক | ২২.১ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ২২.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (২৩) উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | ২৩.১ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ২৩.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|
| (২৪) বিবিধ-১ | ২৪.১ জনাব এ,কে,এম মাহফুজ-উল-আলম চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর নভেম্বর-২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ ৪০,০০০/-টাকা<br>(২) জনাব এ, কে, এম মাহফুজ-উল-আলম চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর নভেম্বর-২০২২ মাসের [illegible] বাবদ ৫,০০০/-টাকা।<br>(৩) জনাব মোঃ খোরশেদ আলম (ভুলু), ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর নভেম্বর-২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- টাকা।<br>(৪) জনাব রওশান বিনতে শফিকুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর নভেম্বর-২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/-টাকা।<br>(৫) উপজেলা পরিষদের বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/-টাকা।<br>(৬) উপজেলা পরিষদের স্থায়ী কমিটি সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৮,০০০/-টাকা।<br>(৭) উপজেলা পরিষদের আনুষাঙ্গিক বিল ৫,০০০/-টাকা।<br>(৮) উপজেলা পরিষদ এর মালি, জনাব মো: মোজাম্মেল হোসেন এর নভেম্বর-২০২২ মাসের মজুরী বাবদ ১৬,৫০০/- টাকা। | ২৪.১.১ সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত বিলসমূহ পরিশোধের নিমিত্তে অনুমোদন করা হয় এবং বিলের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। |
| (২৪) বিবিধ-২ | ২৪.২ সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, চরগোপালপুর মোল্লেরহাট খেয়াঘাটের বাংলা ১৪২৯ সালের (কার্তিক-চৈত্র) ০৬ (ছয়) মাসের জন্য জনাব মো: আনিস হাওলাদার, পিতা: মো: বাবুল হাওলাদার, গ্রাম: কাজিরচর, পো: লেঙ্গুটিয়া, উপজেলা : মেহেন্দিগঞ্জ-কে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকায় ইজারা বন্দোবস্ত দেয়ার সিদ্ধান্ত হয়েছিল। তদপ্রেক্ষিতে ইজারাদারকে এ কার্যালয়ের ১৩ অক্টোবর ২০২২ খ্রি: তারিখে [illegible]-৪১ নম্বর স্মারক পত্রে ইজারার অবশিষ্ট ৯৩,০০০/- টাকা প্রদান করা এবং ইজারাদার মো: আনিস হাওলাদার-কে বার বার প্রাপ্য টাকা পরিশোধ করার জন্য তার ০১৭৯৯-৫১১২১৫ নম্বরে মোবাইল করা সত্ত্বেও তিনি কোন কর্ণপাত না করে নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্য সমুদয় টাকা পরিশোধ করেননি। এমনকি ইজারাদার মো: আনিস প্রাপ্য টাকা পরিশোধ করার জন্য কোন সময়ের প্রার্থনা করেননি। উক্তমতে, সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে উক্ত [illegible] ১,০৫,০০০/- টাকায় ২য় সর্বোচ্চ দরদাতা জনাব মো: মিজানুর রহমান, পিতা: মৃত নান্নু ফরাজী, গ্রাম: কাজিরচর, পো: আমিরগঞ্জ, উপজেলা : মেহেন্দিগঞ্জ, জেলা : বরিশাল-কে বাংলা ১৪২৯ সালের (অগ্রহায়ন-চৈত্র) ০৫ (পাঁচ) মাসের জন্য (১,০৫,০০০-২৩,৩০০)=৮১,৭০০/-টাকায় ইজারা প্রদান এবং ১ম সর্বোচ্চ দরদাতা জনাব মো: আনিস হাওলাদার এর জমা [illegible] ৫০,০০০/- টাকা জামানতের অর্থ বাজেয়াপ্ত করার প্রস্তাব করেন। | ২৪.২.১ সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে চরগোপালপুর মোল্লেরহাট খেয়াঘাটের বাংলা ১৪২৯ সালের (কার্তিক-চৈত্র) ০৬ (ছয়) মাসের জন্য ১ম সর্বোচ্চ দরদাতা জনাব মো: আনিস হাওলাদার, পিতা: মো: বাবুল হাওলাদার, গ্রাম: কাজিরচর, পো: লেঙ্গুটিয়া, উপজেলা : মেহেন্দিগঞ্জ এর দাখিলকৃত দরপত্রটি বাতিল করত: ৫০,০০০/- টাকার জামানতের অর্থ বাজেয়াপ্ত করে উক্ত অর্থ উপজেলা রাজস্ব তহবিলে জমা প্রদান এবং ২য় সর্বোচ্চ দরদাতা জনাব মো: মিজানুর রহমান, পিতা: মৃত নান্নু ফরাজী, গ্রাম: কাজিরচর, পো: আমিরগঞ্জ, উপজেলা : মেহেন্দিগঞ্জ, জেলা : বরিশাল-কে বাংলা ১৪২৯ সালের (অগ্রহায়ন-চৈত্র) ০৫ (পাঁচ) মাসের জন্য (১,০৫,০০০-২৩,৩০০)=৮১,৭০০/- টাকায় সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে ইজারা প্রদান করার জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। |
| (২৪) বিবিধ-৩ | ২৪.৩ সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয় ভবন দীর্ঘদিন জরাজীর্ণ অবস্থায় থাকার কারণে ওয়ালের চুন/প্লাস্টার খসে পড়ে অফিস কক্ষ দু'টি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। উক্ত অফিস কক্ষ দু'টির ও টয়লেটের প্লাস্টার, দরজা মেরামত/সংস্কার ও চুনকাম করার জন্য উপজেলা প্রকৌশলীর দপ্তর হতে ৩,৯২,৪১২/- টাকার প্রাক্কলন দাখিল করা হয়েছে। উক্ত কাজ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মধ্যে সম্পন্ন করার জন্য প্রস্তাব করেন। | ২৪.৩.১ সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয় উক্ত অফিস কক্ষ দু'টির ও টয়লেটের প্লাস্টার, দরজা মেরামত/সংস্কার ও চুনকাম করার জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা সম্পন্ন করার জন্য অনুমোদন করা হয় এবং উক্ত কাজের ব্যয়ের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। |

অত:পর সভার সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান এঁর উপর অর্পিত দায়িত্ব-কর্তব্য যথাযথভাবে পালন, জনগণকে দ্রুত কাঙ্খিত সেবা প্রদান এবং পরিষদের কার্যক্রম আরও গতিশীল করার আশাবাদ ব্যক্ত করে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১০-১১-২০২২খ্রি:
(এ. কে. এম মাহফুজ-উল-আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেহেন্দিগঞ্জ, বরিশাল
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটি

স্মারক নম্বর: ০৫.১০.০৬৬২.০০৮.০১.০০৬.২২-১০২০(১০০)

তারিখ : ১০/১১/২০২২খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য,নির্বাচনী এলাকা ১২২, বরিশাল-৪ (হিজলা-মেহেন্দিগঞ্জ), বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বরিশাল বিভাগ, বরিশাল
০৪। জেলা প্রশাসক, বরিশাল
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল
০৬। মেয়র, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ, বরিশাল
০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল
০৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল
০৯। প্রশাসক, উপজেলা কমান্ড কাউন্সিল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
১০। উপজেলা----------------------------------------অফিসার (সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল
১১। চেয়ারম্যান----------------------------------------ইউনিয়ন পরিষদ (সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল
১২। জনাব----------------------------------------
----------------------------------------

১০/১১/২২

(মো: নুরুননবী)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ, বরিশাল।